মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

www.jessoreboard.gov.bd

স্মারক নং- উমা/পনি/১৬৫ তারিখ : ১৭-১১-২০২৬ খ্রি.

বিষয় : এইচএসসি (সাপ্লিমেন্টারি) পরীক্ষা ২০২৬-এর কেন্দ্র প্রতিষ্ঠানের পরীক্ষার্থীদের নিকটবর্তী প্রতিষ্ঠানে পরীক্ষা গ্রহণ সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ২০২৬ সালের এইচএসসি (সাপ্লিমেন্টারি) পরীক্ষা আগামী ০১-১২-২০২৬ তারিখ হতে ১৫-১২-২০২৬ তারিখ পর্যন্ত অনুষ্ঠিত হবে। সাপ্লিমেন্টারি পরীক্ষা গ্রহণের লক্ষ্যে ইতোমধ্যে উপজেলা ভিত্তিক পরীক্ষার কেন্দ্র ও কেন্দ্র প্রতিষ্ঠানের নাম উল্লেখ করে অন-লাইনে প্রকাশ করা হয়েছে। পরীক্ষার নীতিমালা অনুযায়ী কোন পরীক্ষার্থীর পরীক্ষা কেন্দ্র নিজ কলেজ/প্রতিষ্ঠানে অনুষ্ঠিত হবে না। পরীক্ষার্থী স্থানান্তরের মাধ্যমে পরীক্ষা গ্রহণ করতে হবে।

কেন্দ্র প্রতিষ্ঠানের পরীক্ষার্থীদের জন্য কেন্দ্রের নিকটবর্তী প্রতিষ্ঠানে পরীক্ষা গ্রহণের বিষয়টি স্থানীয়ভাবে নিশ্চিত করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

১৫-১১-২০২৬
(প্রফেসর এস. এম. হোসেন আলী)
পরীক্ষা নিয়ন্ত্রক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
যশোর
ফোন : ০২৪৭৭৭৬২৭১৪
ই-মেইল : controller@jessoreboard.gov.bd

জেলা প্রশাসক
খুলনা/বাগেরহাট/সাতক্ষীরা/কুষ্টিয়া/চুয়াডাঙ্গা
মেহেরপুর/যশোর/নড়াইল/ঝিনাইদহ/মাগুরা

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে :

১। সচিব, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর।
২। ভারপ্রাপ্ত কর্মকর্তা, এইচএসসি (সাপ্লিমেন্টারি) পরীক্ষা কেন্দ্রে-২০২৬
৩। অধ্যক্ষ, এ বোর্ডের অধীন সকল কলেজ/উচ্চ মাধ্যমিক বিদ্যালয়সমূহ
৪। উপজেলা নির্বাহী অফিসার, এ বোর্ডের অধীন সকল উপজেলা
৫। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, শিক্ষা বোর্ড, যশোর
চেয়ারম্যান মহোদয়ের অবগতির জন্য।
৬। সংরক্ষিত নথি।